



গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়

গোপালগঞ্জ ।

www.gopalganjpourashava.org

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- গোঃপৌঃ/সাঃ-৩৭২/২০২২-২৩/

তারিখ :

গোপালগঞ্জ পৌর পরিষদের ১১ নং সাধারণ সভার কার্য-বিবরণী

সভাপতি : জনাব শেখ রকিব হোসেন
মেয়র, গোপালগঞ্জ পৌরসভা ।
স্থান : পৌরসভা সম্মেলন কক্ষ ।
তারিখ : ৩০ মে ২০২৩ ইং ।
সময় : বেলা ১১.০০ ঘটিকা ।

সভায় উপস্থিত কাউন্সিলরদের নাম (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট “ক” এবং কর্মকর্তাদের নাম পরিশিষ্ট “খ”তে দেখানো হলো ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর গোপালগঞ্জ পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এ.এইচ.এম. রকিবুল ইসলাম গত ৩০ এপ্রিল ২০২৩ তারিখে অনুষ্ঠিত পৌর পরিষদের ১০ নং সভার কার্য বিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় উহা সর্ব সম্মতভাবে অনুমোদিত হয় ।

১ নং আলোচনা(ক) (উন্নয়ন মূলক কর্মকান্ড প্রসংগে) : গোপালগঞ্জ পৌরসভার নির্বাহী প্রকৌশলী সভায় জানান গোপালগঞ্জ পৌরসভায় তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ(সেক্টর) প্রকল্প (UGHP-III), নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প এবং গুরুত্বপূর্ণ নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প (UIDP) নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প (UIIP)এর উন্নয়ন মূলক কাজ চলমান রয়েছে । তিনি সকল উন্নয়ন মূলক কাজ সঠিকভাবে বাস্তবায়নের ব্যাপারে সকলের সহযোগীতা কামনা করেন ।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনাতে উন্নয়ন মূলক কাজের গুণগত মান সঠিক রেখে দ্রুতগতিতে কাজ শেষ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় । তাছাড়া সংশ্লিষ্ট ঠিকাদারদের স্ব স্ব প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার তাগিদ প্রদানের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ।

বাস্তবায়নে: নির্বাহী প্রকৌশলী, গোপালগঞ্জ পৌরসভা ।

২ নং আলোচনা : (ডব্লিউ সি কমিটির সদস্য সচিব পরিবর্তন প্রসঙ্গে) : গোপালগঞ্জ পৌরসভার নির্বাহী প্রকৌশলী সভায় জানান, গোপালগঞ্জ পৌরসভার ১-১৫ টি ওয়ার্ডে ডাব্লিউ সি কমিটিতে সদস্য সচিব হিসেবে উপ-সহকারী প্রকৌশলী(বিদ্যুৎ), জনাব স্বরূপ বোস এবং উপসহকারী প্রকৌশলী(সিভিল) দুয়কে ইতিপূর্বে মনোনীত করা হয়েছে । তিনি জানান, গোপালগঞ্জ পৌরসভায় বর্তমানে ১৫টি ওয়ার্ডের বৈদ্যুতিক কাজ তদারকিসহ পানি সরবরাহ শাখার যাবতীয় দায়িত্ব পালন করে থাকেন । একজন উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) দ্বারা উক্ত কাজ বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না । তাছাড়া বিভিন্ন উন্নয়ন মূলক কাজ চলমান রয়েছে । উন্নয়ন মূলক কাজ দেখাশোনা করার জন্য তাদেরকে ফিল্ডে থাকতে হয় । অধিকন্তু তাদেরকে ডব্লিউ সি কমিটি সদস্য সচিব মনোনীত করার ফলে দৈনন্দিন দাপ্তরিক কাজে সমস্যা হচ্ছে । তিনি সদস্য সচিব হিসেবে অন্য যে কোন একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদানের প্রস্তাব করেন । এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয় ।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনাতে ১৫টি ওয়ার্ডের ডব্লিউসি কমিটির সদস্য সচিব, এর পরিবর্তে সমাজ উন্নয়ন কর্মকর্তা, জনাব মোঃ জুলফিকার আলী মোল্লা-কে সদস্যসচিব মনোনীত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো এবং উক্ত কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় ।

বাস্তবায়নেঃ নির্বাহী প্রকৌশলী/সমাজ উন্নয়ন কর্মকর্তা, গোপালগঞ্জ পৌরসভা ।

৩ নং বিবিধ আলোচনা(ক)ঃ (বিভিন্ন আড়ৎ করার জন্য জায়গা প্রাপ্তি প্রসংগে) : গোপালগঞ্জ পৌরসভার ৫ নং ওয়ার্ড কাউন্সিলর, জনাব খায়রুল ইসলাম সভায় জানান, গোপালগঞ্জ পৌরসভার বড় বাজারটির জায়গার স্বল্পতার কারণে যানজটের সৃষ্টি হয় । তাছাড়া ব্যবসায়ীগণ জায়গার স্বল্পতার কারণে প্রয়োজনীয় মালামার সংরক্ষণ করতে পারে না । তিনি বাজারের মধ্যে যে সকল আড়ৎগুলো রয়েছে উক্ত আড়ৎ সমূহ অন্যত্র জায়গার ব্যবস্থা করে সেখানে আড়ৎ বসানোর প্রস্তাব রাখেন । তাছাড়া তিনি আরো জানান বর্তমানে যেখানে বাজার মেলানো হয়েছে উক্ত জায়গায় আড়ৎ বসানো প্রস্তাব রাখেন । এতে সকল কাউন্সিলর একমত পোষন করেন । এ ব্যাপারে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা আবশ্যিক ।